-৩৭-

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়

২০২৩-২৪ অর্থবছরে জুলাই হতে সেপ্টেম্বর,২০২৩ সময়ে ডাটা বিশ্লেষণ নিরীক্ষা ও অন্যান্য কার্যক্রমের মাধ্যমে ৫ জন দায়ী ব্যক্তি চিহ্নিত করা হয়েছে:

০১। জনাব মো: খাইরুল ইসলাম, উপজেলা ব্যবস্থাপক, উপজেলা কার্যালয়, শ্রীবর্দী, শেরপুর

০২। জনাব পলাশ কুমার শাহ, মাঠ কর্মকর্তা, উপজেলা কার্যালয়, বোয়ালমারী, ফরিদপুর

০৩। জনাব শাহ মোহাম্মদ মাসুদ পারভেজ, সিনিয়র মাঠ কর্মকর্তা, উপজেলা কার্যালয়, কামারখন্দ, সিরাজগঞ্জ

০৪। জনাব রেশমা আক্তার, সিনিয়র মাঠ কর্মকর্তা, উপজেলা কার্যালয়, মুক্তাগাছা, ময়মনসিংহ

০৫। জনাব কৃষ্ণ চন্দ্র বর্মন, উপজেলা ব্যবস্থাপক, উপজেলা কার্যালয়, সাপাহার, নওগাঁ

৪/১০/২০২৩

সালমা বেগম
সহকারী মহাব্যবস্থাপক (আইসিটি)
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

( ৪০ (

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন**
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার,ঢাকা-১২১৫
www.sfdf.gov.bd

স্মারক নং-৪৭.৬৫.০০০০.০৬১.৩৫.৪৭৩.১২.-২৬৯৬

তারিখঃ ০৬/০৬/১৪৩০ বঙ্গাব্দ
২১/০৯/২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জনাব মোঃ খাইরুল ইসলাম, উপজেলা ব্যবস্থাপক, উপজেলা কার্যালয়, শ্রীবরদী, শেরপুর-এর বিরুদ্ধে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২-এর ৪০ (গ) বিধি অনুসারে অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা (নং-০৫/২০২৩) রুজুকরণ।

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মো: খাইরুল ইসলাম, উপজেলা ব্যবস্থাপক, উপজেলা কার্যালয়, শ্রীবরদী, শেরপুর। আপনাকে স্মারক নং-১৭৯৮, তারিখ: ২৪-০৭-২০২৩-এর মাধ্যমে গৌরীপুর উপজেলা কার্যালয় থেকে শ্রীবরদী উপজেলা কার্যালয়, শেরপুরে বদলি করা হয়। গত ০৬-০৮-২০২৩ তারিখ বদলিকৃত কর্মস্থলে যোগদান করার কথা থাকলেও আপনি নির্দিষ্ট সময়ে যোগদান না করে ১৩-০৮-২০২৩ তারিখ যোগদান করেছেন মর্মে শ্রীবরদী উপজেলা কার্যালয় থেকে প্রাপ্ত আপনার স্বাক্ষরিত পত্রের মাধ্যমে জানা যায়;এবং

যেহেতু, অপরদিকে গৌরীপুর উপজেলা কার্যালয় থেকে ৩০-০৮-২০২৩ তারিখে আপনার স্বাক্ষরিত একটি পত্র পাওয়া যায়। এতে প্রতীয়মান হয় যে, আপনি গৌরীপুর উপজেলা কার্যালয়ে অবস্থান করছেন। উল্লিখিত পত্রে আপনি ডিজিএমকে বদলিকৃত কর্মকর্তা বলে উল্লেখ করেছেন। অথচ ব্যবস্থাপনা পরিচালকের নির্দেশক্রমে ফাউন্ডেশনের কর্মকর্তা ও কর্মচারিদের বদলি/পদায়ন করা হয়ে থাকে। কিন্তু আপনি উদ্দেশ্য প্রণোদিতভাবে ডিজিএমকে বদলিকৃত কর্মকর্তা বলে সম্বোধন করেছেন যা অসদাচরণ হিসেবে গণ্য। পত্রে আরো উল্লেখ করেছেন যে, ''আমি আমার বদলী বিষয়ে আপনার নিকট বেশি কিছু বলতে চাই না। কারণ বদলী বিষয়ে কত তারিখে বদলীর আদেশ পরিবর্তন করে তাদেরকে কত দিনের মধ্যে নতুনভাবে বদলি করা হয়েছে এবং চলতি মাসে কতবার কত তারিখে বদলী করা হয়েছে তা আমি সব জানি বা বুঝি''। পত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষ সম্পর্কে এ ধরনের মন্তব্য করা ঔদ্ধত্যপূর্ণ, অসদাচরণ ও শিষ্টাচার বহির্ভুত;এবং

যেহেতু, আপনাকে স্মারক নং-২২২৯, তারিখ: ১২-০৯-২০২৩-এর মাধ্যমে এরূপ কার্যক্রম ও আচরণের জন্য ব্যাখ্যা তলব করা হয়। আপনি ১৩-০৯-২০২৩ তারিখ পত্রের মাধ্যমে যে জবাব প্রদান করেছেন তা কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য বলে বিবেচিত হয়নি। জবাবে উর্ধ্বতন কর্তৃপক্ষ সম্পর্কে অশালীন মন্তব্য করা, ঔদ্ধত্যপূর্ণ আচরণ ও শিষ্টাচার বহির্ভুত একই ঘটনার পুনরাবৃত্তি ঘটানো যা অসদাচরণ হিসেবে গণ্য ও শাস্তিযোগ্য অপরাধ;এবং

যেহেতু, আপনার এরূপ কার্যক্রম ও আচরণ ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২-এর ৪০ (গ) বিধি অনুসারে অসদাচরণ হিসেবে গণ্য এবং একই প্রবিধানমালার ৪১ (১) (খ) (ঈ) ধারার শাস্তি আরোপযোগ্য;এবং

সেহেতু, আপনার এরূপ কার্যক্রম ও আচরণকে অসদাচরণ হিসেবে গণ্য করে ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালার উল্লিখিত ধারা অনুযায়ী কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার উপযুক্ত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

এছাড়া আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কি-না তা আপনার জবাবে উল্লেখ করার জন্যও নির্দেশ প্রদান করা হলো।

যে অভিযোগসমূহের উপর ভিত্তি করে এই অভিযোগনামা প্রণীত হলো তার একটি বিবরণী এতদসংগে সংযুক্ত করা হলো।

সংযুক্তি:
অভিযোগ বিবরণী-এক ফর্দ।

২১/৯/২৩

মোঃ জাকির হোসেন আকন্দ
ব্যবস্থাপনা পরিচালক
মোবাইল: ০১৭৬৯-৫৯৪২০০
ফোন-০২-৮১৮০১৫০
ই-মেইল: info@sfdf.gov.bd

জনাব মো: খাইরুল ইসলাম
উপজেলা ব্যবস্থাপক
উপজেলা কার্যালয়
শ্রীবরদী, শেরপুর

৪০

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন**
**প্রধান কার্যালয়**
**পল্লী ভবন (৭ম তলা)**
**৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫**
**www.sfdf.gov.bd**

## অভিযোগ বিবরণী

জনাব মোঃ খাইরুল ইসলাম, উপজেলা ব্যবস্থাপক উর্ধ্বতন কর্তৃপক্ষ সম্পর্কে অশালীন মন্তব্য করা, ঔদ্ধত্যপূর্ণ আচরণ ও শিষ্টাচার বহির্ভুত একই ঘটনার পুনরাবৃত্তি ঘটানো যা অসদাচরণ হিসেবে গণ্য ও শাস্তিযোগ্য অপরাধ;এবং

জনাব মোঃ খাইরুল ইসলাম-কে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২-এর ৪০ (গ) বিধি অনুসারে অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করা হলো।

মোঃ জাকির হোসেন আকন্দ
ব্যবস্থাপনা পরিচালক

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার,ঢাকা-১২১৫
www.sfdf.gov.bd

রেজিষ্টার্ড

স্মারক নং-৪৭.৬৫.০০০০.০৬১.৩৫.১১৭১.২০.-২৪২৬

তারিখঃ ১২/০৬/১৪৩০ বঙ্গাব্দ
২৭/০৯/২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জনাব পলাশ কুমার সাহা, মাঠ কর্মকর্তা, উপজেলা কার্যালয়, বোয়ালমারী, ফরিদপুর-এর বিরুদ্ধে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২-এর ৪০ (ট) বিধি অনুসারে স্ত্রী নির্যাতন এবং ৪০ (ঠ) বিধি অনুসারে যৌতুক নেয়া এবং ৪০ (ঝ) বিধি অনুসারে ফাউন্ডেশনের স্বার্থ ও সুনামের পরিপন্থী কার্যে লিপ্ত হওয়ার অভিযোগে বিভাগীয় মামলা (নং-০৬/২০২৩) রুজুকরণ।

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব পলাশ কুমার সাহা, মাঠ কর্মকর্তা, উপজেলা কার্যালয়, বোয়ালমারী, ফরিদপুরে কর্মরত রয়েছেন। আপনার স্ত্রী জনাব শতরূপা ঘোষ গত ৩০-০৮-২০২৩ তারিখ স্বাক্ষরিত পত্রে কর্তৃপক্ষকে অবহিত করেছেন যে, গত ১৫-১২-২০২২ তারিখ সনাতন ধর্মের রীতিনীতি অনুযায়ী আনুষ্ঠানিকভাবে তাঁকে বিবাহ করেন। বিবাহের সময় নগদ টাকা, স্বর্ণের গহনা এবং আসবাবপত্র উপঢৌকন হিসেবে প্রদান করেন। বিবাহের আনুমানিক ১/২ মাস পর হতে আপনি ও আপনার মা ২০,০০০,০০/- (বিশ লক্ষ) টাকা যৌতুক দেয়ার জন্য দাবী করেন;এবং

যেহেতু, আপনার স্ত্রী টাকা দিতে না পারায় তাঁকে শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করে আসছেন। গত ১৪-০৪-২০২৩ তারিখ আপনার স্ত্রীকে শারীরিকভাবে নির্যাতন করা হলে তিনি তাঁর আত্মীয়-স্বজনদের বিষয়টি জানান। এসময় তাঁর বাবা-মা, কাকা ও সাবেক চেয়ারম্যানসহ আপনার বাড়াটিয়া বাসায় শালিসে বসে। শালিসে পরিবারের লোকজনসহ আত্মীয়-স্বজন শান্তিপূর্ণভাবে সংসার করার জন্য বুঝিয়ে দিয়ে চলে যান। আপনি পুনরায় যৌতুকের টাকা দাবী করলে আপনার স্ত্রী অপারগতা প্রকাশ করলে এক পর্যায়ে আপনি ও আপনার আত্মীয়-স্বজন মিলে শারীরিকভাবে নির্যাতন করে রক্তাক্ত অবস্থায় মাটিতে ফেলে চলে যান। পরবর্তীতে তাঁর স্ত্রী রক্তাক্ত, আহত ও অচেতন অবস্থায় পড়ে থাকেন। পুলিশের সহায়তায় তাঁকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করানো হয়;এবং

যেহেতু, আপনার স্ত্রী শতরূপা ঘোষ কুষ্টিয়া মডেল থানায় মামলা (নং-৩৯,জিয়ার-২১৫/২০২৩, তারিখ: ১৬-০৪-২০২৩ তারিখ নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/২০২০) এর ১১ (খ)/৩০ ধারায় আপনাদের বিরুদ্ধে মামলা দায়ের করেন। মামলা উঠানোর জন্য বিভিন্নভাবে ভয়-ভীতি ও হুমকী প্রদান করে যাচ্ছেন। উল্লেখ্য, গত ১১-০৯-২০২৩ তারিখ জেলা ও দায়রা জজ, কুষ্টিয়ায় নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল মামলা (নং-১৭২/২০২৩) দায়ের করা হয় যা চলমান রয়েছে;এবং

যেহেতু, স্ত্রী নির্যাতন, যৌতুক নেয়া ও ফাউন্ডেশনের সুনামের পরিপন্থী কার্যে লিপ্ত হওয়া শাস্তিযোগ্য অপরাধ। আপনার এরূপ কার্যক্রম ও আচরণ ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২-এর ৪০ (ট) বিধি অনুসারে স্ত্রী নির্যাতন এবং ৪০ (ঠ) বিধি অনুসারে যৌতুক নেয়া এবং ৪০ (ঝ) বিধি অনুসারে ফাউন্ডেশনের স্বার্থ ও সুনামের পরিপন্থী কার্যে লিপ্ত হওয়ার অভিযোগ হিসেবে গণ্য এবং একই প্রবিধানমালার ৪১ (১) (খ) (ঈ) ধারার শাস্তি আরোপযোগ্য;এবং

সেহেতু, আপনার এরূপ কার্যক্রম ও আচরণকে স্ত্রী নির্যাতন, যৌতুক নেয়া ও ফাউন্ডেশনের সুনামের পরিপন্থী কার্যে লিপ্ত হওয়ার অভিযোগ হিসেবে গণ্য করে ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালার উল্লিখিত ধারা অনুযায়ী কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার উপযুক্ত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

এছাড়া আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কি-না তা আপনার জবাবে উল্লেখ করার জন্যও নির্দেশ প্রদান করা হলো।

যে অভিযোগসমূহের উপর ভিত্তি করে এই অভিযোগনামা প্রণীত হলো তার একটি বিবরণী এতদসংগে সংযুক্ত করা হলো।

সংযুক্তি:
অভিযোগ বিবরণী-এক ফর্দ।

২৭/৯/২৩
মোঃ জাকির হোসেন আকন্দ
ব্যবস্থাপনা পরিচালক
মোবাইল: ০১৭৬৯-৫৯৪২০০
ফোন-০২-৮১৮০১৫০
ই-মেইল: info@sfdf.gov.bd

জনাব পলাশ কুমার সাহা
মাঠ কর্মকর্তা
উপজেলা কার্যালয়
বোয়ালমারী, ফরিদপুর

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.gov.bd

# অভিযোগ বিবরণী

জনাব পলাশ কুমার সাহা, মাঠ কর্মকর্তা স্ত্রী নির্যাতন, যৌতুক নেয়া ও ফাউন্ডেশনের সুনামের পরিপন্থী কার্যে লিপ্ত হয়েছেন যা ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

জনাব পলাশ কুমার সাহা-কে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২-এর ৪০ (ট) বিধি অনুসারে স্ত্রী/নারী নির্যাতন এবং ৪০ (ঠ) বিধি অনুসারে যৌতুক নেয়া এবং ৪০ (ঝ) বিধি অনুসারে ফাউন্ডেশনের স্বার্থ ও সুনামের পরিপন্থী কার্যে লিপ্ত হওয়ার অভিযোগে অভিযুক্ত করা হলো।

মোঃ জাকির হোসেন আকন্দ
ব্যবস্থাপনা পরিচালক

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন**
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার,ঢাকা-১২১৫
www.sfdf.gov.bd

স্মারক নং-৪৭.৬৫.০০০০.০৬১.৩৫.৬৫২.১৪.-২২৯৫

তারিখঃ ০২/০৬/১৪৩০ বঙ্গাব্দ
১৭/০৯/২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জনাব শাহ মোঃ মাসুদ পারভেজ, সিনিয়র মাঠ কর্মকর্তা, উপজেলা কার্যালয়, কামারখন্দ, সিরাজগঞ্জ-এর বিরুদ্ধে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২-এর ৪০ (ঘ) বিধি অনুসারে তহবিল তছরুপ, ৪০ (গ) বিধি অনুসারে অসদাচরণ এবং ৪০ (ক) বিধি অনুসারে দায়িত্ব পালনে অবহেলার অভিযোগে বিভাগীয় মামলা (নং-০৪/২০২৩) রুজুকরণ।

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব শাহ মোঃ মাসুদ পারভেজ, সিনিয়র মাঠ কর্মকর্তা, উপজেলা কার্যালয়, কামারখন্দ, সিরাজগঞ্জ-এ কর্মরত রয়েছেন। আঞ্চলিক ব্যবস্থাপক (চ:দা:), আঞ্চলিক কার্যালয়, পঞ্চগড় কর্তৃপক্ষকে অবহিত করেছেন যে, আপনাকে দেবীগঞ্জ উপজেলা কার্যালয় থেকে কামারখন্দ উপজেলা কার্যালয়ে বদলি করা হয়। আপনার পূর্বের কর্মস্থল দেবীগঞ্জ উপজেলা কার্যালয়ের মাঠ কার্যক্রম বুঝিয়ে দেয়ার সময় সদস্যদেরকে ঋণ দেয়ার কথা বলে ২,৭৭,৪৬০.০০ (দুই লক্ষ সাতাত্তর হাজার চারশত ষাট) টাকা হস্তমজুদ করেন। আপনাকে এ টাকা জমা করার জন্য বলা হলে জমাদান থেকে বিরত থাকেন এবং বিভিন্ন অজুহাতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;এবং

যেহেতু, প্রধান কার্যালয়ের নিরীক্ষা কর্মকর্তা গত ১৬-০৭-২০২৩ হতে ১৯-০৭-২০২৩ তারিখ পর্যন্ত আপনার পূর্বের কর্মস্থল দেবীগঞ্জ উপজেলা কার্যালয়ের নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করেন। নিরীক্ষাকালে বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করে ৪০ জন সদস্যের পাশ বই, ৯নং সংযুক্তি ও অটোমেশনের সাথে যাচাইয়ান্তে ২৫ জন সদস্যের পাশ বইয়ে গরমিল দেখিয়ে জুন ২০২৩ মাস শেষে সঞ্চয় ও ঋণের কিস্তি বাবদ ৬৩,৬৯৮.০০ (তেষট্টি হাজার ছয়শত আটানব্বই) টাকা আপনি ব্যাংকে জমা না দিয়ে হাতে নগদ রেখেছেন। এছাড়া নিরীক্ষা কার্যক্রম চলাকালীন পূর্বের হাতে নগদের ১৮,০০০.০০ (আঠার হাজার) টাকা ব্যাংকে জমা করেন;এবং

যেহেতু, আপনাকে স্মারক নং-২০৪২, তারিখ: ২১-০৮-২০২৩-এর মাধ্যমে হাতে নগদের টাকা জামাদান ও এরূপ কার্যক্রম ও আচরণের জন্য ব্যাখ্যা তলব করা হয়। আপনি ২৪-০৮-২০২৩ তারিখ পত্রের মাধ্যমে হাতে নগদকৃত টাকা জমা দিয়ে প্রমাণকসহ প্রধান কার্যালয়ে প্রেরণ করেন। একইসাথে শেষ বারের মত ক্ষমা করে দেয়ার জন্যও অনুরোধ করেন;এবং

যেহেতু, কুড়িগ্রাম সদর উপজেলা কার্যালয়, কুড়িগ্রাম কর্মকালে ৫ জন সদস্যের নামে ভুয়া ঋণ বিতরন দেখিয়ে ৭৯,০৯৯/- টাকা হাতে নগদ করেছেন। এ বিষয়ে ব্যাখ্যা তলব করা হলে আপনি হাতে নগদের টাকা জমা করে ক্ষমা চেয়ে ভবিষ্যতে এধরনের ভুল হবেনা মর্মে উল্লেখ করায় আপনাকে সতর্ক করা হয়;এবং

যেহেতু, আপনি দেবীগঞ্জ উপজেলা কার্যালয়ে কর্মকালীন সদস্যের কাছ থেকে সঞ্চয় ও কিস্তির টাকা আদায় করে আদায়কৃত ৬৩,৬৯৮.০০ (তেষট্টি হাজার ছয়শত আটানব্বই) টাকা, কুড়িগ্রাম সদর উপজেলা কার্যালয়ে কর্মকালীন ৫ জন সদস্যদের নামে ভুয়া ঋণ বিতরণ দেখিয়ে ৭৯,০৯৯.০০ (উনাশি হাজার নিরানব্বই) টাকা এবং সর্বশেষ দেবীগঞ্জ উপজেলা কার্যালয়ে ২,৭৭,৪৬০.০০ (দুই লক্ষ সাতাত্তর হাজার চারশত ষাট) টাকা হস্তমজুদ করেন। হাতে নগদ রাখার বিষয়টি আপনার চিরাচরিত অভ্যাসে পরিণত হয়েছে। আপনি ফাউন্ডেশনের ঋণ কার্যক্রম তথা ঋণ বিতরণ ও আদায়ে এ প্রতিষ্ঠানের জন্য হুমকীস্বরূপ;এবং

যেহেতু, আপনার মাধ্যমে বিতরণকৃত ঋণের মধ্যে উপজেলা কার্যালয়, কুড়িগ্রাম সদর ও দেবীগঞ্জ উপজেলায় আপনার দায়িত্ব ও কর্তব্যে অবহেলার কারণে চলতি খেলাপি ৭.৬৭ লক্ষ টাকা এবং মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ ২০.৮৯ লক্ষ টাকায় পরিণত হয়েছে। এসব ঋণ আদায় করা সম্ভব হচ্ছেনা যা ফাউন্ডেশনের আর্থিক ক্ষতি হিসেবে চিহ্নিত;এবং

চলমান পাতা-২

যেহেতু, আপনি প্রতিষ্ঠানের অর্থ হাতে নগদ/আত্মসাত করেছেন যা ফাউন্ডেশনের তহবিল তছরুপ হিসেবে গণ্য কার্যনির্দেশিকার বিধি বিধান লঙ্ঘনসহ কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে একই ঘটনার পুনরাবৃত্তি ঘটানো যা অসদাচরণ হিসেবে গণ্য এবং দায়িত্ব ও কর্তব্যে অবহেলার কারণে বিতরণকৃত ঋণসমূহ খেলাপি ঋণে পরিণত হওয়াও শাস্তিযোগ্য অপরাধ;এবং

যেহেতু, আপনার এরূপ কার্যক্রম ও আচরণ ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২-এর ৪০ (ঘ) বিধি অনুসারে তহবিল তছরুপ, ৪০ (গ) বিধি অনুসারে অসদাচরণ এবং ৪০ (ক) বিধি অনুসারে দায়িত্ব পালনে অবহেলার অভিযোগ হিসেবে গণ্য এবং একই প্রবিধানমালার ৪১ (১) (খ) (ঈ) ধারার শাস্তি আরোপযোগ্য;এবং

সেহেতু, আপনার এরূপ কার্যক্রম ও আচরণকে তহবিল তছরুপ, অসদাচরণ এবং দায়িত্ব ও কর্তব্যে অবহেলা হিসেবে গণ্য করে ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালার উল্লিখিত ধারা অনুযায়ী কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার উপযুক্ত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

এছাড়া আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কি-না তা আপনার জবাবে উল্লেখ করার জন্যও নির্দেশ প্রদান করা হলো।

যে অভিযোগসমূহের উপর ভিত্তি করে এই অভিযোগনামা প্রণীত হলো তার একটি বিবরণী এতদসংগে সংযুক্ত করা হলো।

সংযুক্তি:
অভিযোগ বিবরণী-এক ফর্দ।

মোঃ জাকির হোসেন আকন্দ
ব্যবস্থাপনা পরিচালক
মোবাইল: ০১৭৬৯-৫৯৪২০০
ফোন-০২-৮১৮০১৫০
ই-মেইল: info@sfdf.gov.bd

জনাব শাহ মোঃ মাসুদ পারভেজ
সিনিয়র মাঠ কর্মকর্তা
উপজেলা কার্যালয়
কামারখন্দ, সিরাজগঞ্জ

৫৭

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন**
**প্রধান কার্যালয়**
**পল্লী ভবন (৭ম তলা)**
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.gov.bd

## অভিযোগ বিবরণী

জনাব শাহ মোঃ মাসুদ পারভেজ, সিনিয়র মাঠ কর্মকর্তা প্রতিষ্ঠানের অর্থ হাতে নগদ/আত্মসাত করেছেন যা ফাউন্ডেশনের তহবিল তছরুপ হিসেবে গণ্য, কার্যনির্দেশিকার বিধি বিধান লঙ্ঘনসহ কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে একই ঘটনার পুনরাবৃত্তি ঘটানো যা অসদাচরণ হিসেবে গণ্য এবং দায়িত্ব ও কর্তব্যে অবহেলার কারণে বিতরণকৃত ঋণসমূহ খেলাপি ঋণে পরিণত হওয়াও শাস্তিযোগ্য অপরাধ;এবং

জনাব শাহ মোঃ মাসুদ পারভেজ-কে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২-এর ৪০ (ঘ) বিধি অনুসারে তহবিল তছরুপ, ৪০ (গ) বিধি অনুসারে অসদাচরণ এবং ৪০ (ক) বিধি অনুসারে দায়িত্ব পালনে অবহেলার অভিযোগে অভিযুক্ত করা হলো।

মোঃ জাকির হোসেন আকন্দ
ব্যবস্থাপনা পরিচালক

রেজিঃ ডাঃ

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন**
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার,ঢাকা-১২১৫
www.sfdf.gov.bd

স্মারক নং-৪৭.৬৫.০০০০.০৬১.৩৫.৬৫২.১৪.-৭৭১৪

তারিখঃ ২২।০৪।১৪৩০ বঙ্গাব্দ
০৬।০৮।২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জনাব রেশমা আক্তার, সিনিয়র মাঠ কর্মকর্তা, উপজেলা কার্যালয়, মুক্তাগাছা, ময়মনসিংহ-এর বিরুদ্ধে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২-এর ৪০ (গ) বিধি অনুসারে অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা (নং-০৩/২০২৩) রুজুকরণ।

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব রেশমা আক্তার, সিনিয়র মাঠ কর্মকর্তা, উপজেলা কার্যালয়, মুক্তাগাছা, ময়মনসিংহ আপনার পূর্বের কর্মস্থল ময়মনসিংহ সদর উপজেলা কার্যালয়, ময়মনসিংহ-এ কর্মরত থাকাকালীন ২০।০৭।২০২২ থেকে ১৯।০১।২০২৩ তারিখ পর্যন্ত মোট ৬ (ছয়) মাস মাতৃত্বকালীন ছুটিতে ছিলেন;এবং

যেহেতু, ছুটি শেষে প্রধান কার্যালয়ের পত্রের স্মারক নং-৬২, তারিখ: ১২।০১।২০২৩ খ্রি. এর মাধ্যমে আপনাকে মুক্তাগাছা উপজেলায় বদলি করে ২২।০১।২০২৩ তারিখের মধ্যে যোগদান করতে বলা হয়। আপনি মাতৃত্বকালীন ছুটি শেষে গত ১৯।০১।২০২৩ তারিখ পূর্বাহ্নে ময়মনসিংহ সদর উপজেলায় উপস্থিত হয়ে লিখিত যোগদানপত্র উপজেলা ব্যবস্থাপকের নিকট দাখিল করে ২০ মিনিটের মধ্যে কর্মস্থল ত্যাগ করেন;এবং

যেহেতু, ময়মনসিংহ সদর উপজেলা কার্যালয়ের উপজেলা ব্যবস্থাপক ১৯।০১।২০২৩ তারিখ অপরাহ্নে আপনাকে ছাড়পত্র প্রদান করেন। কিন্তু আপনি নিতে রাজী না হওয়ায় ছাড়পত্রটি তিনি ০১।০২।২০২৩ তারিখ রেজিস্ট্রি ডাকযোগে আপনার পিতার বাড়ির ঠিকানায় প্রেরণ করেন। রেজিস্ট্রিকৃত পত্র ফেরত না আসায় উপজেলা ব্যবস্থাপক ধরে নিয়েছিলেন যে, আপনি ছাড়পত্র পেয়েছেন। ছাড়পত্র পাওয়ার পরেও আপনি মুক্তাগাছা উপজেলা কার্যালয়ে যোগদান করেননি বা পূর্বতন কার্যালয় ময়মনসিংহ সদরেও কোন যোগাযোগ করেননি কিংবা কোন ছুটির আবেদনও প্রধান কার্যালয়ে পাঠাননি;এবং

যেহেতু, আপনার স্বামী গৌরিপুর উপজেলা কার্যালয়ের উপজেলা ব্যবস্থাপক জনাব মোঃ খাইরুল ইসলাম আপনাকে গৌরিপুর উপজেলা কার্যালয়ে বদলির জন্য অনুরোধ করে প্রধান কার্যালয়ে ০৭।০৫।২০২৩ তারিখে পত্র প্রেরণ করেন। প্রধান কার্যালয় হতে উক্ত পত্রের আলোকে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আপনাকে মুক্তাগাছা উপজেলা কার্যালয় যোগদানের জন্য নির্দেশ দেয়া হয় এবং আপনি গত ২১।০৫।২০২৩ তারিখে যোগদান করেন;এবং

যেহেতু, আপনি কর্তৃপক্ষকে অবগত না করে ২০।০১।২০২৩ থেকে ২০।০৫।২০২৩ পর্যন্ত মোট ১২০ দিন (জানু ১২ দিন+ফেব্রু ২৮ দিন+ মার্চ ৩১ দিন + এপ্রিল ৩০ +মে ১৯ দিন) অর্থাৎ সর্বমোট ৪ মাস কর্মস্থলে অনুপস্থিত থাকেন। আপনার এ ধরনের কার্যক্রম অফিস শৃঙ্খলা পরিপন্থি এবং অসদাচরণ হিসেবে গণ্য করে স্মারক নং-১৪৪৭, তারিখ: ০৮-০৬-২০২৩-এর মাধ্যমে ব্যাখ্যা তলাব করা হয়। আপনি ১২-০৬-২০২৩ তারিখের পত্রের মাধ্যমে যে জবাব প্রদান করেছেন তা কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য বলে বিবেচিত হয়নি;

যেহেতু, আপনি মাতৃত্বকালীন ছুটি শেষে নিয়মানুযায়ী কর্মস্থলে যোগদান করার কথা থাকলেও কর্তৃপক্ষকে অবগত না করে বিনানুমতিতে ৪ মাস কর্মস্থলে অনুপস্থিত থাকেন। আপনার এরূপ কার্যক্রম ও আচরণ ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২-এর ৪০(গ) বিধি অনুসারে অসদাচরণ হিসেবে গণ্য এবং একই প্রবিধানমালার ৪১ (১) (খ) (ঈ) ধারার শাস্তি আরোপযোগ্য;এবং

চলমান পাতা-২

৫৩

সেহেতু, আপনার এরূপ কার্যক্রম ও আচরণকে অসদাচরণ হিসেবে গণ্য করে ফাউন্ডেশনের কর্মচারী প্রবিধানমালার উল্লিখিত ধারা অনুযায়ী কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার উপযুক্ত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

এছাড়া আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কি-না তা আপনার জবাবে উল্লেখ করার জন্যও নির্দেশ প্রদান করা হলো।

যে অভিযোগসমূহের উপর ভিত্তি করে এই অভিযোগনামা প্রণীত হলো তার একটি বিবরণী এতদসংগে সংযুক্ত করা হলো।

সংযুক্তি:
অভিযোগ বিবরণী-১ ফর্দ।

মোঃ জাকির হোসেন আকন্দ
ব্যবস্থাপনা পরিচালক
মোবাইল: ০১৭৬৯-৫৯৪২০০
ফোন-০২-৮১৮০১৫০
ই-মেইল: info@sfdf.gov.bd

জনাব রেশমা আক্তার
সিনিয়র মাঠ কর্মকর্তা
উপজেলা কার্যালয়
মুক্তাগাছা, ময়মনসিংহ

PSDF Letter of Deviation ... 2022.doc

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব রেশমা আক্তার, সিনিয়র মাঠ কর্মকর্তা হিসেবে ময়মনসিংহ সদর উপজেলা কার্যালয়ে কর্মকালে কর্তৃপক্ষকে অবগত না করে বিনানুমতিতে ৪ মাস কর্মস্থলে অনুপস্থিত থাকা যা অফিস শৃঙ্খলা পরিপন্থি এবং অসদাচরণ হিসেবে গণ্য ও শাস্তিযোগ্য অপরাধ।

জনাব রেশমা আক্তার-কে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২-এর ৪০(গ) বিধি অনুসারে অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করা হলো।

মোঃ জাকির হোসেন আকন্দ
ব্যবস্থাপনা পরিচালক

F:\1st Letter of Cavitation (unicode) xban-2022.doc

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন**
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার,ঢাকা-১২১৫
www.sfdf.gov.bd

রেজিষ্টার্ড

স্মারক নং-৪৭.৬৫.০০০০.০৬১.৩৫.৬৮৫.১৭.-১৬২২

তারিখঃ ১০।০৪।১৪৩০ বঙ্গাব্দ
২৫।০৭।২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জনাব কৃষ্ণ চন্দ্র বর্মন, উপজেলা ব্যবস্থাপক, উপজেলা কার্যালয়, সাপাহার, নওগাঁ-এর বিরুদ্ধে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২-এর ৪০ (ঘ) বিধি অনুসারে তহবিল তছরুপ এবং ৪০ (গ) বিধি অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা (নং-০২/২০২৩) রুজুকরণ।

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব কৃষ্ণ চন্দ্র বর্মন, উপজেলা ব্যবস্থাপক, উপজেলা কার্যালয়, সাপাহার, নওগাঁ আপনার পূর্বের কর্মস্থল আটোয়ারি উপজেলা কার্যালয়, পঞ্চগড়-এ উপজেলা ব্যবস্থাপক হিসেবে কর্মকালে কার্যনির্দেশিকার বিধি বিধান লঙ্ঘনসহ ক্ষমতার অপব্যবহার করে অর্থ হাতে নগদ রেখেছেন, ভুয়া ঋণ বিতরণসহ অন্যান্য বিধি বিধান লঙ্ঘন করে ঋণ বিতরণ করে বিপুল পরিমাণ খেলাপির দায় সৃষ্টি করেছেন; এবং

যেহেতু, আপনি আটোয়ারি উপজেলা কার্যালয়ে গত ১৫-১১-২০১৮ থেকে ০৫-১০-২০২২ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। আপনার মাধ্যমে বিতরণকৃত ঋণের মধ্যে জুন, ২০২৩ বিনিয়োগ স্থিতির পরিমাণ সার্ভিস চার্জসহ ৫৪৮.৭২ লক্ষ টাকা। এসব টাকার মধ্যে মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ রয়েছে ১৭.২০ লক্ষ টাকা;এবং

যেহেতু, ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ের পরিবীক্ষণ অধিশাখা কর্তৃক আপনার বিরুদ্ধে পূর্বের কর্মস্থল আটোয়ারি উপজেলা কার্যালয়ে কর্মকালীন অভিযোগ উত্থাপন করেন যে, আপনি বর্তমান উপজেলা ব্যবস্থাপককে কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজ ঋণ তহবিল থেকে ঋণ বিতরণের ফরম সঠিকভাবে বুঝিয়ে দিতে পারেননি এবং উক্ত ঋণ ফরমে উপজেলা ব্যবস্থাপক হিসেবে আপনার স্বাক্ষর নেই। ক্ষুদ্র ঋণ বিতরণ ফরমেও উপজেলা ব্যবস্থাপক হিসেবে আপনার ২০২১ সাল থেকে কোন স্বাক্ষর পাওয়া যায়নি। এ উপজেলা কার্যালয়ে আপনি কোন নথি সংরক্ষণ করেননি। আপনি বিভিন্ন তারিখে কোভিড-১৯ সংক্রান্ত ব্যাংক হিসাব থেকে এক লক্ষ, দুই লক্ষ এমনকি এক চেক দিয়ে চার লক্ষ টাকা পর্যন্ত উত্তোলন করেছেন। উক্ত টাকা আপনি মাসের শেষ তারিখে একই ব্যাংক হিসাবে জমা করেছেন; এবং

যেহেতু, ক্ষুদ্র ঋণ খাতে ৪০ জন সদস্যের নামে ঋণ বিতরণ দেখিয়ে নিজেই সার্ভিস চার্জসহ মোট= ১৬,৬২,৭৮০.০০ (ষোল লক্ষ বাষট্টি হাজার সাতশত আশি) টাকা আত্মসাৎ/হস্তমজুদ করেন। বিতরণকৃত এসব টাকার মধ্যে আপনি বিভিন্ন তারিখে সর্বমোট ৯,১৫,৬০১.০০ (নয় লক্ষ পনের হাজার ছয়শত এক) টাকা অফিসে জমা দেন; এবং

যেহেতু, জানুয়ারি, ২০২০ থেকে ফেব্রুয়ারি,২০২৩ পর্যন্ত ৩৮ মাস ভাড়াকৃত অফিসের মালিককে কোন অফিসভাড়া প্রদান করেননি। মালিক ভাড়া চাইলে অফিস ভাড়া বরাদ্দ আসেনি বলে মালিককে অবহিত করেন। অফিস ভাড়া বাবদ ৩৮ মাসের মোট=১,৯০,০০০.০০ টাকা আপনি ব্যক্তিগত কাজে ব্যবহার করেছেন; এবং

যেহেতু, মার্চ,২০২৩ খ্রি. পর্যন্ত ৪৯ জন কোভিড-১৯ ঋণী সদস্যের মধ্যে ৩৭ জন সদস্যের পাশবই এবং অটোমেশনে সঞ্চয় ও ঋণ আদায়ের পোষ্টিংয়ে গরমিল রয়েছে। ১২ জন সদস্যের পাশবই পাওয়া যায়নি। গত ৩০।০৩।২০২৩ তারিখ আপনি ০৭ জন সদস্যের নামে ঋণের কিস্তি বাবদ ৩,৯১,৯৬০.০০ (তিন লক্ষ একানব্বই হাজার নয়শত ষাট) টাকা জমা দেন। এপ্রিল,২০২৩ শেষে কোভিড-১৯ সমিতির ৩৪ জন সদস্যের পাশ বইয়ের সঞ্চয় ও ঋণ আদায়ের স্থিতি থেকে অটোমেশনের সঞ্চয় ও ঋণ আদায়ের স্থিতির পার্থক্য রয়েছে ৩,৯৫,০০০.০০ টাকা যা আদায় করে অফিসে জমা না দিয়ে আপনি হাতেনগদ করেছেন;এবং

যেহেতু, আপনার নিকট হাতে নগদ/আত্মসাতকৃত টাকা ২৪ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে টাকা জমা করাসহ এরূপ আচরণ ও কার্যক্রমের জন্য স্মারক নং-১৬৪৭, তারিখ: ০৯-০৭-২০২৩-এর মাধ্যমে ব্যাখ্যা তলব করা হয়। আপনার গত ১৫-০৭-২০২৩ তারিখের জবাব কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয়নি;এবং

চলমান পাতা-২

যেহেতু, আঞ্চলিক ব্যবস্থাপক (চ:দা:), আঞ্চলিক কার্যালয়, পঞ্চগড় স্মারক নং-৪৭.৬৫.৭৭০০.১১৭.১৬.০০৩.২০.-২০২, তারিখ: ১৮-০৭-২০২৩-এর মাধ্যমে কর্তৃপক্ষকে অবহিত করেছেন যে, আপনার নিকট হাতে নগদ/আত্মসাৎকৃত ১২,৪২,৮৬৮.০০ টাকা ছিল যা ব্যাংকে জমা হয়েছে। আপনি হাতে নগদ/আত্মসাতকৃত টাকা পরিশোধ করলেও অদ্যাবধি আটোয়ারি উপজেলা কার্যালয়ের অফিসের দায়িত্ব বর্তমান উপজেলা ব্যবস্থাপককে বুঝিয়ে দেননি;এবং

যেহেতু, আপনি উপজেলা ব্যবস্থাপক হিসেবে আটোয়ারি উপজেলা কার্যালয়ে কর্মকালে আর্থিক অনিয়ম, কার্যনির্দেশিকার বিধি বিধান লঙ্ঘন করে এখতিয়ার বহির্ভুতভাবে নিজে ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার লক্ষ্যে নানা ধরনের অনিয়মের মাধ্যমে ভুয়া ঋণ বিতরণ করেছেন। আপনার এরূপ কার্যক্রম ও আচরণ ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২২-এর ৪০ (ঘ) বিধি অনুসারে তহবিল তছরুপ এবং ৪০(গ) বিধি অনুসারে অসদাচরণ হিসেবে গণ্য এবং একই প্রবিধানমালার ৪১ (১) (খ) (ঈ) ধারার শাস্তি আরোপযোগ্য;এবং

সেহেতু, আপনার এরূপ কার্যক্রম ও আচরণকে তহবিল তছরুপ এবং অসদাচরণ হিসেবে গণ্য করে ফাউন্ডেশনের কর্মচারী চাকরি প্রবিধানমালার উল্লিখিত ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে না তার উপযুক্ত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

এছাড়া আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কি-না তা আপনার জবাবে উল্লেখ করার জন্যও নির্দেশ প্রদান করা হলো।

যে অভিযোগসমূহের উপর ভিত্তি করে এই অভিযোগনামা প্রণীত হলো তার একটি বিবরণী এতদসংগে সংযুক্ত করা হলো।

সংযুক্তি:

অভিযোগ বিবরণী-১ ফর্দ।

২৫/৭/২০২

মোঃ জাকির হোসেন আকন্দ
ব্যবস্থাপনা পরিচালক
মোবাইল: ০১৭৬৯-৫৯৪২০০
ফোন-০২-৮১৮০১৫০
ই-মেইল: info@sfdf.gov.bd

জনাব কৃষ্ণ চন্দ্র বর্মন
উপজেলা ব্যবস্থাপক
উপজেলা কার্যালয়
সাপাহার, নওগাঁ

F:\...Letter of Conviction (...) ...-2022.doc

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.gov.bd

## অভিযোগ বিবরণী

জনাব কৃষ্ণ চন্দ্র বর্মন, উপজেলা ব্যবস্থাপক হিসেবে আটোয়ারি উপজেলা কার্যালয়ে কর্মকালে কার্যনির্দেশিকার বিধি বিধান লঙ্ঘন করে এখতিয়ার বহির্ভুতভাবে নিজে ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার লক্ষ্যে নানা ধরনের অনিয়মের মাধ্যমে ভুয়া ঋণ বিতরণসহ অর্থ আত্মসাত করেছেন যা ফাউন্ডেশনের তহবিল তছরুপ ও অসদাচরণ হিসেবে গণ্য ও শাস্তিযোগ্য অপরাধ।

জনাব কৃষ্ণ চন্দ্র বর্মন-কে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০২২-এর ৪০ (ঘ) বিধি অনুসারে তহবিল তছরুপ এবং ৪০(গ) বিধি অনুসারে অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করা হলো।

মোঃ জাকির হোসেন আকন্দ
ব্যবস্থাপনা পরিচালক

-৫-

# ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.gov.bd

স্মারক নং- ৪৭.৬৫.০০০০.০৬৩.০১.০৩৫.২১- ৭৭৮

তারিখঃ ০৮।০৪।১৪৩০ বঙ্গাব্দ
২৩।০৭।২০২৩ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের আওতাধীন উপজেলা কার্যালয়সমূহের হিসাব ও প্রশাসনিক নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করার জন্য আগামী জুলাই- সেপ্টেম্বর (০৩) মাসের নিরীক্ষা কর্মসূচী নিম্নরুপভাবে প্রণয়ন করা হল। উপজেলা কার্যালয়সমূহের নামের বিপরীতে বর্ণিত কর্মকর্তা/কর্মচারীগণ নির্দেশনা অনুযায়ী নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক বরাবর নিরীক্ষা প্রতিবেদন দাখিল করবেন।

| ক্র: নং | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | কার্যকাল | উপজেলার নাম |
|---|---|---|---|---|
| | জুলাই-২০২৩ | | | |
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন | ব্যবস্থাপক (নিরীক্ষা) | ২৩-২৪ জুলাই, ২০২৩ | শ্রীপুর, গাজীপুর |
| | | | ২৫-২৬ জুলাই, ২০২৩ | কাপাসিয়া, গাজীপুর |
| | | | ২৭-২৮ জুলাই, ২০২৩ | কালিয়াকৈর, গাজীপুর |
| ০২ | জনাব মোঃ আরিফুল ইসলাম | ব্যবস্থাপক (নিরীক্ষা) | ০৯-১০ জুলাই, ২০২৩ | কুঁড়িগ্রাম সদর, কুঁড়িগ্রাম |
| | | | ১১-১২ জুলাই, ২০২৩ | রাজারহাট, কুঁড়িগ্রাম |
| | | | ১৩-১৪ জুলাই, ২০২৩ | উলিপুর, কুঁড়িগ্রাম |
| ০৩ | জনাব মো: আকরাম হোসেন | সহকারী ব্যবস্থাপক (পরিবীক্ষণ) | ১৫-১৬ জুলাই, ২০২৩ | চিলমারি, কুঁড়িগ্রাম |
| | | | ১৭-১৮ জুলাই, ২০২৩ | ফুলবাড়ি, কুঁড়িগ্রাম |
| | | | ১৯-২০ জুলাই, ২০২৩ | রংপুর সদর, রংপুর |
| ০৪ | জনাব মোহাম্মদ নজরুল ইসলাম | হিসাব রক্ষক (হিসাব শাখা) | ০৯-১০ জুলাই, ২০২৩ | আটোয়ারী, পঞ্চগড় |
| | | | ১১-১২ জুলাই, ২০২৩ | দেবীগঞ্জ, পঞ্চগড় |
| | | | ১৩-১৪ জুলাই, ২০২৩ | পীরগাছা, রংপুর |
| | আগস্ট-২০২৩ | | | |
| ০৫ | জনাব সালমা বেগম | সহকারী-মহাব্যবস্থাপক (আইসিটি শাখা) | ০৫-০৬ আগস্ট,২০২৩ | চাঁপাইনবাবগঞ্জ সদর |
| | | | ০৭-০৮ আগস্ট, ২০২৩ | ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ |
| | | | ০৯-১০ আগস্ট, ২০২৩ | গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ |
| ০৬ | জনাব সোয়াদ সুলতানা | সহকারী-মহাব্যবস্থাপক (নিরীক্ষা শাখা) | ০৫-০৬ আগস্ট,২০২৩ | নওঁগা সদর, নওঁগা |
| | | | ০৭-০৮ আগস্ট, ২০২৩ | মহাদেবপুর, নওঁগা |
| ০৭ | জনাব মোঃ নাজমুল হাসান | সহকারী ব্যবস্থাপক (পরিবীক্ষন ও মূল্যায়ণ) | ১৯-২০ আগস্ট,২০২৩ | ভোলা সদর, ভোলা |
| | | | ২১-২২ আগস্ট, ২০২৩ | দৌলতখান, ভোলা |
| | | | ২৩-২৪ আগস্ট, ২০২৩ | বোরহানউদ্দিন, ভোলা |
| ০৮ | জনাব মোঃ আল মামুন সরকার | মাঠ কর্মকর্তা (হিসাব ও বাজেট শাখা) | ২৬-২৭ আগস্ট,২০২৩ | তজুমদ্দিন, ভোলা |
| | | | ২৮-২৯ আগস্ট, ২০২৩ | লালমোহন, ভোলা |
| | | | ৩০-৩১ আগস্ট, ২০২৩ | বরগুনা সদর, বরগুনা |

২৩/০৭/২০২৩

D:\Momotaj20\Momotaj 2021-2022\...\Audit -2022-2023\Ture Program (July to Sep 2023).docx

সালমা বেগম
সহকারী মহাব্যবস্থাপক (আইসিটি)
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

| | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | কার্যকাল | উপজেলার নাম |
|---|---|---|---|---|
| | সেপ্টেম্বর-২০২৩ | | | |
| ০৯ | জনাব মোঃ নুরুল ইসলাম | ব্যবস্থাপক (নিরীক্ষা শাখা) | ২৩-২৪ সেপ্টেম্বর,২০২৩ | নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| | | | ২৫-২৬ সেপ্টেম্বর,২০২৩ | শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ |
| | | | ২৭-২৮ সেপ্টেম্বর,২০২৩ | পাবনা সদর, পাবনা |
| ১০ | জনাব মো: জাকিউল ইসলাম | ব্যবস্থাপক (পরিবীক্ষন ও মূল্যায়ণ) | ১৬-১৭ সেপ্টেম্বর,২০২৩ | পঞ্চগড় সদর, পঞ্চগড় |
| | | | ১৮-১৯ সেপ্টেম্বর,২০২৩ | বোদা, পঞ্চগড় |
| | | | ২০-২১ সেপ্টেম্বর,২০২৩ | তেঁতুলিয়া, পঞ্চগড় |
| ১১ | জনাব মোঃ শফিউল আলম | সহকারী-ব্যবস্থাপক (হিসাব শাখা) | ১৬-১৭ সেপ্টেম্বর,২০২৩ | চারঘাট, রাজশাহী |
| | | | ১৮-১৯ সেপ্টেম্বর,২০২৩ | পবা, রাজশাহী |
| | | | ২০-২১ সেপ্টেম্বর,২০২৩ | বাঘমারা, রাজশাহী |
| ১২ | জনাব মোহাম্মদ নজরুল ইসলাম | হিসাব রক্ষক (হিসাব শাখা) | ০৯-১০ সেপ্টেম্বর,২০২৩ | আমতলী, বরগুনা |
| | | | ১১-১২ সেপ্টেম্বর,২০২৩ | পাথরঘাটা, বরগুনা |
| | | | ১৩-১৪ সেপ্টেম্বর,২০২৩ | বেতাগী, বরগুনা |

হিসাব ও প্রশাসনিক নিরীক্ষার জন্য প্রণীত চেকলিষ্ট অনুসরণপূর্বক নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদক্রমে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(জান্নাতুন আরা বেগম)
মহাব্যবস্থাপক

কার্যার্থে বিতরণঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

০১। অফিস আদেশে উল্লিখিত কর্মকর্তাগণ।
০২। আঞ্চলিক ব্যবস্থাপক (সকল), সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়।
০৩। উপজেলা ব্যবস্থাপক (সকল), সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়।

অনুলিপিঃ অবগতির জন্য (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

০১। উপমহাব্যবস্থাপক (সকল), প্রধান কার্যালয়।
০২। সংশ্লিষ্ট মনিটরিং টিম প্রধান (সকল), প্রধান কার্যালয়।
০৩। ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা- ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৪। সংশ্লিষ্ট নথি।
০৫। অফিস কপি।

৪/১০/২০২৩

সালমা বেগম
সহকারী মহাব্যবস্থাপক (আইসিটি)
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.gov.bd

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়, ঢাকা ।

বিষয়ঃ **পীরগাছা উপজেলা কার্যালয়ের অভ্যন্তরীণ প্রশাসনিক নিরীক্ষা ও মাঠ পরিদর্শনের প্রতিবেদন দাখিল।**

সূত্রঃ- ৪৭.৬৫.০০০০.০৬৩.০১.০৩৫.২১-১৭৯০ তারিখঃ ২৩।০৭।২০২৩খ্রি.

উল্লিখিত বিষয় ও স্মারকের প্রেক্ষিতে গত ২৩।০৭।২৩ হতে ২৫।০৭।২৩ তারিখ পর্যন্ত পীরগাছা উপজেলা কার্যালয়ে জুলাই/২০২২ হতে জুন/২০২৩ সময়ের প্রশাসনিক ও আওতাধীন মাঠ পর্যায়ের হিসাব নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। সূত্রোস্থ পত্রের নির্দেশনা মোতাবেক নিরীক্ষা প্রতিবেদন দাখিল করা হলো।

১। উপজেলা কার্যালয়ের নামঃ আটোয়ারি উপজেলা কার্যালয়

২। নিরীক্ষা কর্মকর্তার নামঃ মোহাম্মদ নজরুল ইসলাম

৩। নিরীক্ষার সময়কাল (জুলাই/২০২২ হতে জুন/২০২৩ সময়ের নিরীক্ষা করা হয়েছে)

৪। পূর্ববর্তী নিরীক্ষার তারিখঃ ফেব্রুয়ারী/ ২০১৯

৫। পূর্ববর্তী নিরীক্ষার আপত্তি নিষ্পত্তি বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ পূর্ববর্তী নিরীক্ষার আপত্তির বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি।

৬। নিরীক্ষার বিষয় সমূহের ওপর নিরীক্ষা আপত্তি/পর্যবেক্ষণসমূহ:

৬.১। ক) উক্ত উপজেলা কার্যালয় পরিদর্শনকালে উপজেলার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের নগদান ও খতিয়ান বহি হালনাগাদ পাওয়া যায়নি,

খ) উক্ত উপজেলা কার্যালয়ের কোভিড ও এমই ঋণের খতিয়ান বহি হালনাগাদ না থাকার কারণে মূলধন মিলকরণ বিবরণী সম্পন্ন করা সম্ভব হয়নি।

গ) উক্ত উপজেলা কার্যালয়ের প্রাপ্তি পরিশোধ হিসাবের হাতে নগদ ও প্রধান কার্যালয়ে সার্ভিস চার্জ প্রেরণের তথ্য সঠিক পাওয়া যায়নি এবং ব্যাংক ব্যালেন্স অটোমেশনের সাথে মিল পাওয়া যায়নি।

ঘ) সিনিয়র মাঠ কর্মকর্তা জনাব মোঃ তালেবুল ইসলাম ১২জন সদস্যের সঞ্চয় ও ঋণ থেকে ২৭,৫৮৬/- আত্মসাৎ করেছেন যা সদস্যের পাশ বইয়ে জমা করেছেন কিন্তু অফিসে জমা করেননি। উক্ত অনিয়মের ২৭,৫৮৬/-অডিট চলাকালীন সময় ২৫।০৭।২০২৩ তারিখ অফিসে জমা করেন। (ব্যাংক জমার স্লিপ সংযুক্ত)

৬.২। মেয়াদোত্তীণ খেলাপি ঋণের বিবরণ-সংযুক্তি (১০)

৬.৩। চলতি খেলাপি ঋণের বিবরণ-সংযুক্তি (১১)

৬.৪। সঞ্চয় ও ঋণ কার্যক্রমে ব্যবহৃত সংযুক্তিসমূহ নিরীক্ষা প্রতিবেদন-সংযুক্তি (১২)

৬.৫। দাপ্তরিক কাজে ব্যবহৃত রেজিষ্টারসমূহ নিরীক্ষা প্রতিবেদন-সংযুক্তি (১৩)

৬.৬। সদস্য বিবরণঃ মোট সদস্য ৫৭৬জন, ঋণী সদস্য ৫০৪জন, মেয়াদোত্তীর্ণ খেলাপী সদস্য ২৬২ জন, চলতি খেলাপি সদস্য ১৪৫ জন।

সালমা বেগম
সহকারী মহাব্যবস্থাপক (আইসিটি)
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

৭। নিরীক্ষাকালে নিষ্পন্ন বিষয়সমূহঃ

৭.১। প্রাপ্তি পরিশোধ হিসাব (MC) বিষয়ক:

ক) শুরু হতে জুন,২৩ পর্যন্ত প্রাপ্তি-পরিশোধ হিসাব মিলকরণ করা হয়েছে। সংযুক্তি (১)

খ) ২০২২-২৩ অর্থ বছরের প্রাপ্তি -পরিশোধ হিসাব মিলকরণ করা হয়েছে। সংযুক্তি (২)

৭.২। প্রাপ্তি-পরিশোধ ( ME) বিষয়ক:

ক) শুরু হতে জুন,২৩ পর্যন্ত প্রাপ্তি-পরিশোধ হিসাব মিলকরণ করা হয়েছে। সংযুক্তি (৩)

খ) ২০২২-২৩ অর্থ বছরের প্রাপ্তি -পরিশোধ হিসাব মিলকরণ করা হয়েছে। সংযুক্তি (৪)

৭.৩। প্রাপ্তি পরিশোধ হিসাব (Covid-19)-সংযুক্তি (৩)

ক) শুরু হতে জুন,২৩ পর্যন্ত প্রাপ্তি-পরিশোধ হিসাব মিলকরণ করা হয়েছে। সংযুক্তি (৫)

খ) ২০২৩-২৩ অর্থ বছরের প্রাপ্তি -পরিশোধ হিসাব মিলকরণ করা হয়েছে।(৬)

৭.৪। শুধুমাত্র (MC) হিসাবের মূলধন মিলকরণ বিবরনী সম্পন্ন করা হয়েছে।

৭.৫। এমসি, এমই ও কোভিড সদস্যের ফাইলসমূহ পর্যবেক্ষণ, বিভিন্ন সংযুক্তি ও রেজিষ্টার যাচাই বাছাইকরণ

৮। নিরীক্ষা বিষয়ে মতামত (খাত/বিষয় উল্লেখপূর্বক সুনির্দিষ্টভাবে লিখতে হবে): উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তাদের কার্যক্রম সন্তোসজনক নয়

৯। ৩০ জুন,২০২৩ তারিখে মাঠ কার্যক্রমঃ

| ক্র. নং | খাত | সদস্য ভর্তি | সদস্য সংখ্যা | বিনিয়োগ স্থিতি (লক্ষ টাকা) | ঋণ বিতরণ (লক্ষ টাকা) | ঋণ আদায় (লক্ষ টাকা) | মেয়াদোত্তীর্ণ খেলাপি (লক্ষ টাকা) | চলতি খেলাপি (লক্ষ টাকা) | হাতে নগদ | ব্যাংক স্থিতি (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | এমসি | ১২২৯ | ৭০৭ | ৮৪.৬১ | ৫৮৩.৫৮ | ৪৯৮.৯৭ | ৫৩.৯৬ | ২.১৫ | ০.১৭ | ৭.০৮ |
| ০২ | এমই | ৬ | ৪ | ১.৩৪ | ৯.২৮ | ৭.৯৪ | ১.৩৪ | ০ | ০.২৮ | ১.৪৭ |
| ০৩ | কোভিড | ৮৬ | ৮৪ | ৬৯.৮০ | ১৪১.০২ | ৭১.২২ | ০ | ১.৭০ | ০.৫৪ | ২৬.৩৪ |
| | মোট | ১৩২১ | ৭৯৫ | ১৫৫.৭৫ | ৭৩৩.৮৮ | ৫৭৮.১৩ | ৫৫.৩০ | ৩.৮৫ | ০.৯৯ | ৩৪.৮৯ |

সালমা বেগম
সহকারী মহাব্যবস্থাপক (আইসিটি)
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

৫৭

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন**
(পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf. gov.bd

স্মারক নং- ৪৭.৬৫.০০০০.০৬৩.০১.০৩৫.২১- ১৮-৪৬ তারিখ: ১৫।০৪।১৪৩০ বঙ্গাব্দ / ৩০।০৭।২০২৩ খ্রিস্টাব্দ

জনাব মোঃ রায়হানুর রহমান
সি: উপজেলা ব্যবস্থাপক,
উপজেলা কার্যালয় সুজানগর, পাবনা।

বিষয়ঃ হিসাব নিরীক্ষায় প্রাপ্ত আপত্তিসমূহ নিষ্পত্তি

উর্পযুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ১৫।০৪।২০২৩ ইং তারিখ হতে ১৬।০৪।২০২৩ ইং তারিখ পর্যন্ত আপনার উপজেলা কার্যালয়ে অবস্থান করে জুলাই-২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত সময়ের হিসাব-নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদনে পর্যবেক্ষণ ও নিরীক্ষা আপত্তিসমূহ তুলে ধরা হয় (কপি সংযুক্ত)। উক্ত প্রতিবেদনের প্রেক্ষিতে নিম্নোক্ত আপত্তি নিষ্পত্তির জন্য বলা হলো:

আপত্তি সমূহ:

১। উক্ত উপজেলা কার্যালয়ে চলতি খেলাপি ০.৫৭ লক্ষ মেয়াদোত্তীর্ণ খেলাপি ৫০.৪২ লক্ষ টাকা।
২। সংযুক্তি-০৯, ১০, ১২ ও সংযুক্তি-১৪ এ উপজেলা ব্যাবস্থাপকের স্বাক্ষর নেই।
৩। পুর্ববর্তী নিরীক্ষার কোন তথ্যাদি পাওয়া যায়নি।

প্রয়োজনীয় সুপারিশঃ

১। উপর্যুক্ত আপত্তির বিষয়ে আপনার জবাব আগামী ৩১-০৮-২০২৩ এর মধ্যে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে।
২। উপজেলা কার্যালয়ে সৃষ্ট মেয়াদোত্তীর্ণ খেলাপি আদায় ও চলতি কিস্তির খেলাপী রোধ করতে হবে।
৩। নিরীক্ষাকালিন প্রদত্ত ডকুমেন্টসসমূহ ১টি পৃথক নথিতে সংরক্ষণ করতে হবে।
৪। প্রতি মাসে প্রাপ্তি ও পরিশোধ হিসাব মিলকরতে হবে, যাতে বছরওয়ারী প্রাপ্তি ও পরিশোধ হিসাব মেলানো সহজ হয়।
৫। ঋণ বিতরণ ও হিসাব সংরক্ষণ সংক্রান্ত সংযুক্তি ও ডকুমেন্টসমূহ সঠিক তথ্যের ভিত্তিতে লিপিবদ্ধকরণ ও সংরক্ষণ করতে হবে।

বর্ণিতাবস্থায় আগামী ৩১-০৮-২০২৩ তারিখের মধ্যে নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে সুপারিশ অনুযায়ী কার্যক্রম সম্পাদন করে সংযুক্ত 'ছক' অনুযায়ী প্রতিবেদন প্রণয়ন করে ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে

(জান্নাতুন আরা বেগম)
মহাব্যবস্থাপক

কার্যার্থে অনুলিপিঃ

১। আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, পাবনা-(আপত্তি নিষ্পত্তিপূর্বক ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে লিখিতভাবে অবহিত করবেন)।
২। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা- (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সংশ্লিষ্ট নথি।
৪। অফিস কপি।

৪/১০/২০২৩

সালমা বেগম
সহকারী মহাব্যবস্থাপক (আইসিটি)
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

# ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান

পাবনা আঞ্চলিক কার্যালয়/উপজেলা কার্যালয়,সুজানগর।

স্মারকনং ৪৭.৬৫.৭৬৮৩.৩৪৩.০১.০০১.২৩-০৪১ তাং ১৬/০৮/২০২৩ খ্রিষ্টাব্দ

বরাবর

ব্যবস্থাপনা পরিচালক,

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন,

প্রধান কার্যালয়,ঢাকা।

বিষয়ঃ হিসাব নিরীক্ষায় প্রাপ্ত অডিট আপত্তিসমূহ নিস্পত্তি সংক্রান্ত।

সূত্রঃ স্মারক নং ৪৭.৬৫.০০০০.০৬৩.০১.০৩৫.২১-১৮৪৬ তারিখ ৩০/০৭/২০২৩ খ্রিষ্টাব্দ

মাধ্যমঃ আঞ্চলিক ব্যবস্থাপক,মহোদয়,পাবনা অঞ্চল।

জনাব,

উর্পযুক্ত বিষয় ও সুত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,গত ১৫/০৪/২০২৩ খ্রিষ্টাব্দ হতে ১৬/০৪/২০২৩ খ্রিষ্টাব্দ পর্যন্ত সুজানগর উপজেলায় সম্পন্ন অডিট কার্যক্রমের প্রেক্ষিতে যে আপত্তিগুলো ও পর্যাবেক্ষণ তুলে ধরা হয়েছে।প্রধান কার্যালয়ের সুপারিশ মোতাবেক সে সকল আপত্তির বিষয়ে গৃহিত পদক্ষেপসমূহ নিম্নরুপঃ

| ক্রমিক নং | নিরীক্ষায় প্রাপ্ত আপত্তি ও পর্যাবেক্ষণ সমূহ | ক্রমিক | আপত্তি নিস্পত্তির জন্য গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|
| ১ | সুজানগর উপজেলা কার্যালয়ে চলতি খেলাপী.৫৭ লক্ষ মেয়াদোত্তীর্ণ খেলাপী ৫০.৪২ | ১ | চলতি খেলাপী রোধ করা হয়েছে এবং মেয়াদোত্তীর্ণ খেলাপী নিম্নগামী রয়েছে যেমন অডিট আপত্তিতে মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ উল্লেখ করা হয়েছে ৫০.৪৯ লক্ষ টাকা কিন্তু বর্তমানে জুলাই/২৩,মাসে মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ কমে এসেছে ৫০.২৭ লক্ষ টাকায় অর্থ্যাৎ পূর্বের চেয়ে মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ কমেছে .২২ লক্ষ টাকা। |
| ২ | সংযুক্তি-০৯,১০,১২ ও সংযুক্তি-১৪এ উপজেলা ব্যবস্থাপকের স্বাক্ষর নেই | ২ | উল্লেখিত সংযুক্তিগুলোর যেগুলোতে উপজেলা ব্যবস্থাপকের স্বাক্ষর ছিলনা সেগুলোতে স্বাক্ষর করা হয়েছে। |
| ৩ | পূর্ববর্তী নিরীক্ষার কোন তথ্যাদি পাওয়া যায় নি | ৩ | পূর্ববর্তী নিরীক্ষার অনেকগুলো নথি ছিল সেই সবগুলো নথিকে একটি নথিতে রুপান্তর করা হয়েছে অর্থ্যাৎ একটি নথিতে পূর্ববর্তী সব তথ্য গুছিয়ে রাখা হয়েছে এখন থেকে একটি নথিতে সব তথ্য পাওয়া যাবে। |

এমতাবস্থায়,নিরীক্ষায় প্রাপ্ত আপত্তি ও পর্যবেক্ষণসমূহের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থার বিবরণাদি মহোদয়ের সদয় অবগতির জন্য পেশ করা হলো।

উত্থাপিত আপত্তি সমূহ নিষ্পত্তি করা হয়েছে।

কামরুন নাহার
আঞ্চলিক ব্যবস্থাপক
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

আপনার বিশ্বস্ত,

১৬/৮/২৩

মোঃ রায়হানুর রহমান,
সিনিয়র উপজেলা ব্যবস্থাপক,
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন,
উপজেলা কার্যালয়,সুজানগর,পাবনা।

K:\SFDF\Azam\Office Order (File No-39)\Office ORDER-22.Docx

৪/১০/২০২৪

সালমা বেগম
উপমহাব্যবস্থাপক (আইসিটি)

CamScanner